



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

কার্যালয়ঃ শিক্ষা বোর্ড ভবন-১, পুলহাট, দিনাজপুর।

Web: www.dinajpureducationboard.gov.bd. email: dinajpureducationboard@gmail.com

স্মারক নং-

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

সূত্র : অত্র শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক ও উপ-বিদ্যালয় পরিদর্শকের পরিদর্শনের তারিখ : ১৮/০৩/২০১৭ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নীলফামারী জেলার সদর উপজেলাধীন দক্ষিণ পাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে ০১/০১/২০১৬ ইং তারিখ হতে ৩১/১২/২০১৮ ইং তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর সময় নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে স্বীকৃতি নবায়ন করা হ'ল।

শর্তাবলীঃ

১. শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং অধ্যয়নরত শিক্ষার্থীর ১০০% এস এস সি ও জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
২. এস এস সি ও জে এস সি পরীক্ষার ফলাফল ৯০% উন্নীত করতে হবে।
৩. অনতিবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যত তহবিল চালু করতে হবে।
৪. অভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং প্রজ্ঞাপনের ৪৭ ধারা অনুযায়ী অডিট রিপোর্ট কমিটির সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন করাতে হবে।
৫. শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে বছরে ন্যূনতম একবার ছাত্র-অভিভাবক সমাবেশ করতে হবে।
৬. লাইব্রেরীতে বইয়ের সংখ্যা- ২০০০ এ উন্নীত করতে হবে এবং রেজিস্টারের মাধ্যমে বই শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে বিতরণের ব্যবস্থা করতে হবে।
৭. ছাত্র-শিক্ষক সমাবেশে জঙ্গী ও ইভটিজিং বিরোধী সচেতনতা সৃষ্টি করতে হবে।

স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩ (তিন) মাস পূর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপূরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

প্রাপকঃ

প্রধান শিক্ষক

দক্ষিণ পাড়া বালিকা উচ্চ বিদ্যালয়

ডাকঘরঃ রামকলা, উপজেলাঃ সদর

জেলাঃ নীলফামারী।

(মোঃ আলতাফ হোসেন)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

স্মারক নং ২/৬৯/১৬০/৩৩৪৭ (৫)

তারিখ : ২৪/০৫/১৭

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নীলফামারী।
- ২। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নীলফামারী।
- ৪। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৫। অফিস কপি।

(মোঃ আলতাফ হোসেন)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।